# ইসির ওয়েবসাইট থেকে ‘নৌকা’ প্রতীক সরিয়ে ফেলা হলো



সংগৃহীত ছবি

নিবন্ধন স্থগিত হওয়ায় বাংলাদেশ আওয়ামী লীগের প্রতীক ‘নৌকা’ নির্বাচন কমিশনের ওয়েবসাইট থেকে সরিয়ে ফেলা হয়েছে। সংশ্লিষ্ট কর্মকর্তা জানান, উর্ধ্বতন নির্দেশে এ সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে।

নির্বাচন কমিশনের (ইসি) ওয়েবসাইট থেকে বাংলাদেশ আওয়ামী লীগের রাজনৈতিক প্রতীক ‘নৌকা’ সরিয়ে নেওয়া হয়েছে। আজ বুধবার (১৬ জুলাই) সকালে ওয়েবসাইটে দেখা যায়, আওয়ামী লীগ নাম থাকলেও এর পাশে থাকা ‘নৌকা’ প্রতীকটি আর দৃশ্যমান নয়।

এ প্রসঙ্গে জানতে চাইলে ইসি সচিবালয়ের সিস্টেম ম্যানেজার মো. রফিকুল হক বলেন, “উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে প্রতীকটি সরিয়ে ফেলা হয়েছে।”

এর আগের রাতে, স্থানীয় সরকারবিষয়ক উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া সামাজিক যোগাযোগমাধ্যমে এক ফেসবুক পোস্টে নির্বাচন কমিশনের সমালোচনা করেন। তিনি ‘নৌকা’ প্রতীককে পুনরায় ওয়েবসাইটে যুক্ত করা নিয়ে প্রশ্ন তোলেন এবং এর পেছনে কমিশনের ভূমিকা নিয়ে উদ্বেগ প্রকাশ করেন।

উল্লেখ্য, ২০২৪ সালের ৫ আগস্ট দীর্ঘ ১৫ বছর শাসন শেষে আওয়ামী লীগ ক্ষমতা হারায়। চলতি বছরের ১২ মে সরকার আনুষ্ঠানিকভাবে দলটি এবং এর অঙ্গ ও সহযোগী সংগঠনগুলোর সব ধরনের রাজনৈতিক কার্যক্রম নিষিদ্ধ করে। সেই ধারাবাহিকতায়, নির্বাচন কমিশন আওয়ামী লীগের নিবন্ধন স্থগিত করে, যার ফলশ্রুতিতে প্রতীক সরিয়ে নেওয়া হয়েছে বলে মনে করা হচ্ছে।

LENS ASIA